গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
কিশোরগঞ্জ
(জুডিসিয়াল মুন্সিখানা শাখা)
www.kishoreganj.gov.bd

কিশোরগঞ্জ জেলা আইন-শৃঙ্খলা কমিটির মার্চ ২০১৮ মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি	:	মোঃ সারওয়ার মুর্শেদ চৌধুরী জেলা ম্যাজিস্ট্রেট কিশোরগঞ্জ
তারিখ	:	১১ মার্চ ২০১৮
সময়	:	বেলা ১০:০০ টা
স্থান	:	জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জ এর সম্মেলনকক্ষ
উপস্থিতি	:	পরিশিষ্ট-'ক'

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। কিশোরগঞ্জ জেলার নবযোগদানকৃত জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট জনাব মোঃ সারওয়ার মুর্শেদ চৌধুরী এর সভাপতিত্বে এ সভা অনুষ্ঠিত হয়। অত:পর সভাপতির অনুমতিক্রমে জনাব আলমগীর হুছাইন, বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, কিশোরগঞ্জ কর্তৃক বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হলে নিম্নরূপ সংশোধনী আনয়নসহ তা দৃঢ়ীকরণ করা হয়।

সংশোধনী: (ক) গত সভার কার্যবিবরণীর দ্বিতীয় পাতায় ১২ নং লাইনে 'জনাব মুজিবুর রহমান, সভাপতি' শব্দগুলোর পরিবর্তে 'জনাব শেখ ফরিদ আহাম্মদ, সিনিয়র সহ-সভাপতি' শব্দগুলো প্রতিস্থাপিত হবে।

(খ) গত সভার কার্যবিবরণীর দ্বিতীয় পাতায় ৪৫ নং লাইনে 'উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা' শব্দগুলোর পরিবর্তে 'উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা' শব্দগুলো প্রতিস্থাপিত হবে।

সভাপতি বলেন, ১৭ মার্চ ২০১৮ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৯৮তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস এবং ২৫ মার্চ ২০১৮ গণহত্যা দিবস পালিত হবে। ২৬ মার্চ ২০১৮ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপিত হবে। বিভিন্ন সেবা এবং সরকারের উন্নয়নমূলক কর্মকান্ড জনসাধারণের মধ্যে তুলে ধরার উদ্দেশ্যে আগামী ১৪-২০ মার্চ ২০১৮ পর্যন্ত এসএমই মেলা এবং ২৯-৩১ মার্চ ২০১৮ পর্যন্ত বিজ্ঞান মেলা কিশোরগঞ্জ পুরাতন স্টেডিয়ামে অনুষ্ঠিত হবে। বাংলাদেশ স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে উন্নীত হওয়ায় ২২ মার্চ ২০১৮ তারিখ সারাদেশের ন্যায় কিশোরগঞ্জ জেলায় আনন্দ শোভাযাত্রাসহ নানা কর্মসূচী পালন করা হবে। ২৩ মর্চ ২০১৮ পরিবার পরিকল্পনা অধিদপ্তরের অধীন জেলা পর্যায়ে জনবল নিয়োগ পরীক্ষা অনুষ্ঠিত হবে। সভাপতি জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে উপস্থিত সদস্যগণকে উন্মুক্ত আলোচনার আহ্বান জানান।

জনাব সাইফুল হক মোল্লা দুলু, সদস্য, জেলা আইন-শৃঙ্খলা কমিটি, গত মাসের সকল কর্মসূচি সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। তিনি বলেন, কিশোরগঞ্জ জেলায় রাজনৈতিক সহবস্থান বিরাজ করছে। ইতোপূর্বে বেশ কিছু চুরি সংঘটিত হয়েছে। পুলিশ কয়েকজন চোর গ্রেফতার ও কিছু মালামাল উদ্ধার করেছে। গত কাল ঈশা খাঁ বিশ্ববিদ্যালয়ের এক ছাত্রীকে ছুরিকাঘাত করা হয়েছে। সম্ভাবনাময় এদেশে মাদক একটি বড় সমস্যা। ভৈরব উপজেলা হয়ে জেলার অন্যান্য এলাকায় মাদক ছড়িয়ে পড়ছে। যুব সমাজকে রক্ষার স্বার্থে মাদক নিয়ন্ত্রণে আইন-শৃঙ্খলা বাহিনীর পাশাপাশি সকলকে এগিয়ে আসার জন্য তিনি অনুরোধ জানান। জনাব শেখ ফরিদ আহাম্মদ, সিনিয়র সহ-সভাপতি, কিশোরগঞ্জ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রিজ বলেন, শহরের প্রবেশ মুখে রাস্তার পার্শ্বে এবং ফুটপাতে অবৈধভাবে দোকান বসার কারণে যানজট সৃষ্টি হচ্ছে। যানজট নিরসনে সকাল ৮.০০ টা হতে রাত ৮.০০ টার মধ্যে শহরে ট্রাক/ভারী যানবাহন প্রবেশ বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি অনুরোধ জানান। জনাব মোস্তফা কামাল, সভাপতি, জেলা প্রেসক্লাব বলেন, গত ৯ মার্চ ২০১৮ তারিখ কিশোরগঞ্জ কালেক্টরেটের জনবল নিয়োগ পরীক্ষা কেন্দ্র থেকে ৬ জন ভূয়া পরীক্ষার্থীকে আটক করে ভ্রাম্যমান আদালতে সাজা দেয়া হয়েছে। ভূয়া পরীক্ষার্থীদের মধ্যে বুয়েটের ছাত্রও রয়েছে যাদের বাড়ি বরগুনা ও রংপুর জেলায়। কী সূত্রে ভূয়া পরীক্ষার্থীরা এ জেলায় এসেছে তা গভীরভাবে দেখা দরকার। কিশোরগঞ্জ আইসক্রীম ফ্যাক্টরীতে একটি ছেলেকে আটকিয়ে নির্যাতন করা হয়েছে মর্মে অভিযোগ রয়েছে। তিনি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ এবং নিরাপত্তার স্বার্থে জেলা প্রশাসকের কার্যালয় এবং আদালত চত্বরে কোন সিএনজি/অটোরিক্সা/ইজিবাইক যাতে পার্কিং করতে না পারে সে জন্য ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। এডভোকেট ভূপেন্দ্র ভৌমিক দোলন, সভাপতি, জেলা পূজা উদ্‌যাপন পরিষদ, শহরে রাস্তা ও ড্রেন নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করার উপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, ২৬ মার্চ ২০১৮ তারিখ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে যে কোন ধরণের নাশকতামূলক কর্মকান্ড প্রতিরোধে সর্তক থাকতে হবে। তিনি জাতীয় পতাকার সঠিক মাপে ও উচ্চতায় উত্তোলন কাজ মনিটর করার অনুরোধ জানান।

জনাব মোঃ হাবীব তৌহিদ ইমাম, সহকারী পরিচালক, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস বলেন, জেলা প্রশাসন ও পুলিশ বিভাগের সহযোগিতায় মাদকবিরোধী কার্যক্রম চলছে। এ মাসে মাদকবিরোধী অভিযান আরও জোরদার করা হবে মর্মে তিনি সভাকে অবহিত করেন। জনাব মধুসূদন সরকার, সহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস বলেন, ইতোমধ্যে পাসপোর্ট কার্যক্রমে সেবা সপ্তাহ পালন করা হয়েছে। পাসপোর্টের কার্যক্রম অব্যাহত আছে। আগামী জুলাই ২০১৮ থেকে ই-পাসপোর্ট কার্যক্রম চালু হবে মর্মে তিনি জানান। জনাব আবু শাফা মোঃ ইকবাল হায়াত, অফিসার ইনচার্জ, কিশোরগঞ্জ মডেল থানা বলেন, অপহরণকৃত ৯ মাসের একটি বাচ্চা উদ্ধার ও আসামী গ্রেফতার হয়েছে। নির্বাহী ম্যাজিস্ট্রেট জনাব মোঃ শরীফুল আলম এর বাসায় চুরির ঘটনায় মালামাল উদ্ধারসহ চোর গ্রেফতার হয়েছে। এ ছাড়া ৬ জন ছিনতাইকারী, ১জন মহিলা চাঁদাবাজ, মোবাইল চোর এবং ছাত্রীকে ছুরিকাঘাতের সাথে জড়িত আসামীকে গ্রেফতার করা হয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন।

জনাব মোঃ মশিউর রহমান খান, উপজেলা নির্বাহী অফিসার ইটনা বলেন, এখন ফিশিং টাইম, বোরো আবাদ ও ধান কাটার মৌসুমে হাওড় এলাকায় বিভিন্ন অপরাধ প্রবণতা বেড়ে যায়। হাওড়ে পুলিশের স্বল্পতার কারণে জেলা থেকে পুলিশ ও র‌্যাবের টহল বৃদ্ধি করার জন্য তিনি অনুরোধ জানান। জনাব মোঃ সালাউদ্দিন, উপজেলা নির্বাহী অফিসার, অষ্টগ্রাম বলেন, হবিগঞ্জ জেলার লাখাই উপজেলা হয়ে কিশোরগঞ্জ জেলার ভাটি এলাকায় মাদক আসছে। তিনি ভাটি এলাকায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিসের কার্যক্রম বৃদ্ধি করার অনুরোধ জানান। জনাব অন্নপূর্ণা দেবনাথ, উপজেলা নির্বাহী অফিসার, পাকুন্দিয়া বলেন, উপজেলা আনসার ও ভিডিপি অফিসের প্রশিক্ষকের বিরুদ্ধে বিভিন্ন অনিয়ম ও দুর্নীতির অভিযোগ রয়েছে। তাকে অন্যত্র বদলী করতে হবে। কিশোরগঞ্জ-ঢাকা ভায়া পাকুন্দিয়া সড়কে প্রতিনিয়ত সড়ক দুর্ঘটনায় প্রাণহানি ঘটছে। তিনি বাহাদিয়া এলাকায় গাড়ির গতি রোধকল্পে স্পীডবেকার নির্মাণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। সভাপতির এক প্রশ্নের উত্তরে জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি এর প্রতিনিধি জনাব মুহাম্মদ জাকির হোসেন বলেন, পাকুন্দিয়া উপজেলা আনসার ও ভিডিপি অফিসের প্রশিক্ষককে অন্যত্র বদলী করা হয়েছে। তাকে ছাড়পত্র প্রদান করা হবে। ডিএসি তৌহিদ, র‌্যাব-১৪ বলেন, শহরে ট্রাফিক ব্যবস্থা সচল রাখতে হবে। অটোরিক্সার ড্রাইভারদের কোন প্রশিক্ষণ না থাকায় এ্যাম্বুলেন্স এবং আইন-শৃঙ্খলা বাহিনীর গাড়ি দ্রুত মুভ করতে বাধাগ্রস্থ হয়। মাদকবিরোধী অভিযান চলছে। হাওড় এলাকায় র‌্যাবের টহল বৃদ্ধি করা হবে। জনাব মোঃ বজলুর রশীদ, জেল সুপার, কিশোরগঞ্জ বলেন, কিশোরগঞ্জ জেলা কারাগারে ধারণ ক্ষমতা ২৪৫ জনের মধ্যে বর্তমানে ১০৭৮ জন আসামী রয়েছে। আগামী ৩/৪ মাসের মধ্যে নতুন কারাগার উদ্বোধন হওয়ার সম্ভাবনা আছে। নতুন কারাগারকে কেন্দ্রীয় কারাগার করার উদ্যোগ নেয়া হচ্ছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। নতুন কারাগারের দেয়ালের সাথে অবৈধভাবে ঘর নির্মাণ এবং কারাগারের জায়গায় ময়লা ফেলা হচ্ছে। তিনি এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।

জনাব মোঃ রফিকুল ইসলাম রেনু, চেয়ারম্যান, পাকুন্দিয়া উপজেলা পরিষদ বলেন, কিশোরগঞ্জ অনেক গুরুত্বপূর্ণ ব্যক্তির জন্মস্থান। তুলনামূলকভাবে এ জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভাল। তিনি জানান, পাকুন্দিয়া উপজেলায় চিনাডুলী বিল এলাকায় একটি ব্রীজের মুখে মাটির বাঁধ দেয়ায় কয়েক হাজার একর ফসলী জমির পানি নিষ্কাশনে বাধা সৃষ্টি হচ্ছে। ফলে এলাকায় ক্ষতিগ্রস্থ কৃষকদের মাঝে উত্তেজনা বিরাজ করছে এবং আইন-শৃঙ্খলা পরিস্থিতি অবনতির আশঙ্কা রয়েছে। জনাব চৌধুরী কামরুল হাসান চেয়ারম্যান, ইটনা উপজেলা পরিষদ বলেন, হাওড় এলাকায় মাদক প্রবেশ করছে। এপ্রিল মাসে ধান কাটার সময় জমি সংক্রান্ত বিরোধের কারণে গোলমাল হয়। থানায় পুলিশ ফোর্স কম। হাওড় এলাকায় অপরাধ প্রতিরোধে জেলা পর্যায় থেকে আইন-শৃঙ্খলা বাহিনীর টহল বাড়ানোর জন্য তিনি অনুরোধ করেন। জনাব মোঃ জহিরুল ইসলাম, চেয়ারম্যান, হোসেনপুর উপজেলা পরিষদ বলেন, আগামী ২৪ মার্চ ২০১৮ হোসেনপুর উপজেলায় ব্রক্ষপুত্র নদে হিন্দু ধর্মাবলম্বীদের অষ্টমী স্নান উপলক্ষে মেলা অনুষ্ঠিত হবে। তিনি অষ্টমী স্নান ও মেলা উপলক্ষে প্রয়োজনীয় নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। জনাব মোঃ আবদুস শাহিদ ভূইয়া, চেয়ারম্যান, মিঠামইন উপজেলা পরিষদ বলেন, মিঠামইন উপজেলায় আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভাল। তিনি ছিনতাইকারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।

জনাব আমজাদ হোসেন খান দিদার, চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), করিমগঞ্জ উপজেলা পরিষদ, নবাগত জেলা প্রশাসককে কমিরগঞ্জ উপজেলাবাসীর পক্ষ থেকে শুভেচ্ছা জানান। তিনি বলেন, মাছের চালানের সাথে মাদক পাচার হয়। মাদক প্রতিরোধে তল্লাশী অভিযান পরিচালনার জন্য তিনি অনুরোধ করেন। জনাব নুরুল মিল্লাত, চেয়ারম্যান, কুলিয়ারচর উপজেলা পরিষদ, ভৈরব-কুলিয়ারচর রাস্তায় ছিনতাই প্রতিরোধে পুলিশের টহল জোরদার করার অনুরোধ জানান। জনাব মোঃ আঃ ওয়াহাব আইন উদ্দিন, চেয়ারম্যান, কটিয়াদী উপজেলা পরিষদ বলেন, কিশোরগঞ্জ একটি সমৃদ্ধ জেলা। তিনি নবাগত জেলা প্রশাসককে কটিয়াদী উপজেলাবাসীর পক্ষ থেকে অভিনন্দন জানান। তিনি বলেন, সন্ত্রাসীরা কটিয়াদী উপজেলা পূজা উদ্‌যাপন পরিষদ এবং হিন্দু, বোদ্ধ ও খ্রীস্টান ঐক্য পরিষদের সভাপতিকে প্রাণ নাশের হুমকি দিয়ে উড়ো চিঠি পাঠিয়েছে। বিষয়টি অনুসন্ধান করা প্রয়োজন। সড়ক ও জনপথ বিভাগের রাস্তার পার্শ্বে অবৈধ দখলদার বৃদ্ধি পাচ্ছে। বাল্যবিবাহ, ইভটিজিং ও মাদক প্রতিরোধে শিক্ষা প্রতিষ্ঠানে সভা/সমাবেশ করার জন্য তিনি অনুরোধ জানান। ডাঃ হাবিবুর রহমান, সিভিল সার্জন, নবাগত জেলা প্রশাসককে শুভেচ্ছা জানান। তিনি বলেন, শহরে ড্রেন নির্মাণ হচ্ছে। অটোরিক্সা যেখানে-সেখানে দাঁড়িয়ে থাকায় যানজট বাড়ছে।

জনাব মোঃ পারভেজ মিয়া, মেয়র, কিশোরগঞ্জ পৌরসভা বলেন, নতুন স্টেডিয়ামের প্রবেশ মুখে কাজ চলছে। উন্নয়ন কাজ শেষ হওয়ার পর কিছু দিন যানচলাচল বন্ধ রাখতে হয়। বাইপাস রোড হলে সমস্যা থাকবে না। নরসুন্দা ওয়াকওয়েতে ছিনতাই এবং মাদকসেবীদের আড্ডা বন্ধে পুলিশের টহল বাড়াতে হবে। বাসা-বাড়ির উন্নয়ন কাজের নির্মাণ সামগ্রী রাস্তায় রেখে যানজট তৈরী করা হচ্ছে। ড্রেনে ময়লা ফেলানো হয়। এ ব্যাপারে তিনি প্রশাসনের সহযোগিতা কামনা করেন।

জনাব মোঃ নাজমুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার, নবাগত জেলা প্রশাসককে স্বাগত জানান। তিনি বলেন, জনাব মোঃ আনোয়ার হোসেন খান, পুলিশ সুপার অন্যত্র বদলী হওয়ায় সকলের কাছে দোয়া চেয়েছেন। সভায় বদলীকৃত পুলিশ সুপার জনাব মোঃ আনোয়ার হোসেন খান এর সম্মৃদ্ধি ও দীর্ঘায়ু কামনা করা হয়। তিনি আরও বলেন, হাওড় এলাকায় অপরাধ প্রতিরোধে পুলিশের টহল বাড়ানো হবে। নরসুন্দা ওয়াকওয়েতে ছিনতাই, ইভটিজিং, মাদক সেবন বন্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে। অবৈধ যানবাহন আটকের পর সংরক্ষণের জায়গা না থাকায় অবৈধ গাড়ী আটক করা যাচ্ছে না। সকাল ৮.০০ টা হতে রাত ৮.০০ টা পর্যন্ত শহরে ভারী যানবাহন প্রবেশ করতে না দেয়া, ট্রাফিক ব্যবস্থা সচল রাখা, অপ্রাপ্ত বয়স্কদের গাড়ি চালানো বন্ধ করার লক্ষ্যে কাজ করার জন্য তিনি অফিসার ইনচার্জ, কিশোরগঞ্জ মডেল থানাকে পরামর্শ প্রদান করেন। তা ছাড়া বাল্যবিবাহ, মাদকসহ বিভিন্ন বিষয়ে শিক্ষা প্রতিষ্ঠানে সচেতনতামূলক কার্যক্রম গ্রহণের জন্য তিনি অনুরোধ করেন।

সভাপতি বলেন, জননিরাপত্তা নিশ্চিত করা আমাদের দায়িত্ব। অপরাধ নিয়ন্ত্রণে জেলা আইন-শৃঙ্খলা কমিটির গুরুত্ব অপরিসীম। কমিটির সদস্যগণের মাধ্যমে অপরাধ সম্পর্কে প্রাপ্ত সঠিক তথ্যেরভিত্তিতে সময়োপযুগী সিদ্ধান্ত গ্রহণ ও তা বাস্তবায়িত হলে, অপরাধ প্রবণতা হ্রাস করা সম্ভব। তিনি চুরি, ছিনতাই, চাঁদাবাজি, ডাকাতি, ইভটিজিং, বাল্যবিবাহ, মাদক নিয়ন্ত্রণ, জঙ্গিবাদসহ সকল ধরণের অপরাধ প্রতিরোধে আইন-শৃঙ্খলা বাহিনীসহ সকলকে আন্তরিকভাবে কাজ করার জন্য অনুরোধ জানান। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

২। আইন শৃঙ্খলা পরিস্থিতি:

ক্রমিক নং	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নে
২.১	আগামী ১৭ মার্চ ২০১৮ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৯৮তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০১৮ উপলক্ষে প্রয়োজনীয় নিরাপত্তার ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। পুলিশ সুপার কিশোরগঞ্জ ২। কোম্পানী কমান্ডার র‌্যাব-১৪, কিশোরগঞ্জ/ভৈরব
২.২	আগামী ২৫ মার্চ ২০১৮ গণহত্যা দিবস-২০১৮ উপলক্ষে প্রয়োজনীয় নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। পুলিশ সুপার কিশোরগঞ্জ ২। কোম্পানী কমান্ডার র‌্যাব-১৪, কিশোরগঞ্জ/ভৈরব
২.৩	আগামী ২৬ মার্চ ২০১৮ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপন উপলক্ষে জেলা ও উপজেলা পর্যায়ে গৃহীত কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় সংখ্যক আইন-শৃঙ্খলা বাহিনী মোতায়েন করতে হবে।	১। পুলিশ সুপার কিশোরগঞ্জ ২। কোম্পানী কমান্ডার র‌্যাব-১৪, কিশোরগঞ্জ/ভৈরব
২.৪	বিভিন্ন সেবা এবং সরকারের উন্নয়নমূলক কর্মকান্ড জনসাধারণের মধ্যে তুলে ধরার উদ্দেশ্যে কিশোরগঞ্জ পুরাতন স্টেডিয়ামে অনুষ্ঠেয় আগামী ১৪-২০ মার্চ ২০১৮ পর্যন্ত এসএমই মেলা এবং ২৯-৩১ মার্চ ২০১৮ পর্যন্ত বিজ্ঞান মেলা উপলক্ষে প্রয়োজনীয় নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। পুলিশ সুপার কিশোরগঞ্জ
২.৫	বাংলাদেশ স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে উন্নীত হওয়ায় ২২ মার্চ ২০১৮ তারিখ কিশোরগঞ্জ জেলায় আয়োজিত আনন্দ শোভাযাত্রা ও অন্যান্য কর্মসূচি উপলক্ষে প্রয়োজনীয় সংখ্যক আইন-শৃঙ্খলা বাহিনী মোতায়েন করতে হবে।	১। পুলিশ সুপার কিশোরগঞ্জ ২। কোম্পানী কমান্ডার র‌্যাব-১৪, কিশোরগঞ্জ/ভৈরব
২.৬	আগামী ২৩ মার্চ ২০১৮ পরিবার পরিকল্পনা অধিদপ্তরের অধীন জেলা পর্যায়ে জনবল নিয়োগ পরীক্ষা উপলক্ষে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ মোতায়েন করতে হবে।	১। পুলিশ সুপার কিশোরগঞ্জ
২.৭	২৬ মার্চ ২০১৮ তারিখ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে জাতীয় পতাকা সঠিক মাপে ও উচ্চতায় উত্তোলনের কার্যক্রম মনিটরের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রে কিশোরগঞ্জ ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল) কিশোরগঞ্জ
২.৮	২৬ মার্চ ২০১৮ তারিখ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপন উপলক্ষে নতুন স্টেডিয়ামে যাতায়াতের জন্য রাস্তা চলাচলের উপযোগী করতে হবে।	১। মেয়র কিশোরগঞ্জ পৌরসভা ২। উপজেলা নির্বাহী অফিসার কিশোরগঞ্জ সদর

ক্রমিক নং	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নে
২.৯	উপজেলা/পৌরসভা/ইউনিয়ন পর্যায়ে নিয়মিতভাবে আইন-শৃঙ্খলা কমিটি এবং সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির সভা করতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার (সকল) কিশোরগঞ্জ ২। মেয়র, পৌরসভা (সকল), কিশোরগঞ্জ ৩। চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল), কিশোরগঞ্জ
২.১০	জঙ্গিবাদ ও নাশকতা প্রতিরোধে গুরুত্বপূর্ণ স্থাপনার নিরাপত্তা জোরদার করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। পুলিশ সুপার ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল) ৩। কোম্পানী অধিনায়ক র‌্যাব-১৪, কিশোরগঞ্জ/ভৈরব ৪। জেলা কমান্ড্যান্ট আনসার ও ভিডিপি, কিশোরগঞ্জ
২.১১	জঙ্গিবাদসহ সমাজে অস্থিতিশীল পরিবেশ সৃষ্টির অপতৎপরতা রোধে গোয়েন্দা সংস্থার কার্যক্রম জোরদার করতে হবে।	১। পুলিশ সুপার জেলা বিশেষ শাখা, কিশোরগঞ্জ ২। উপপরিচালক এনএসআই, কিশোরগঞ্জ
২.১২	জেলা প্রশাসকের কার্যালয় এবং আদালত চত্বর এলাকায় সিএনজি/ অটোরিক্সা/ইজিবাইক পার্কিং করা যাবে না।	১। পুলিশ সুপার কিশোরগঞ্জ ২। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রে কিশোরগঞ্জ
২.১৩	হাওড় এলাকায় অপরাধ প্রতিরোধে পুলিশ এবং র‌্যাবের টহল জোরদার করতে হবে।	১। পুলিশ সুপার কিশোরগঞ্জ ২। কোম্পানী কমান্ডার র‌্যাব-১৪, কিশোরগঞ্জ/ভৈরব
২.১৪	কিশোরগঞ্জ জেলায় নির্মিত নতুন কারাগারের দেয়ালের পার্শ্বে অবৈধ দোকানপাঠ উচ্ছেদে অভিযান পরিচালনা করতে হবে।	১। পুলিশ সুপার কিশোরগঞ্জ ২। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট কিশোরগঞ্জ ৩। জেল সুপার, জেলা কারাগার, কিশোরগঞ্জ
২.১৫	যানজট নিয়ন্ত্রণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ট্রাফিক ব্যবস্থা জোরদার করতে হবে। জরুরি সার্ভিসের ক্ষেত্রে এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিসের গাড়ি এবং আইন-শৃঙ্খলা বাহিনীর গাড়ি চলাচলে কোন প্রতিবন্ধকতা সৃষ্টি করা যাবে না। এ ব্যাপারে সিএনজি/অটোরিক্সা/ ইজিবাইক চালকদের সচেতনতা বৃদ্ধি করতে হবে।	১। পুলিশ সুপার কিশোরগঞ্জ ২। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট কিশোরগঞ্জ ৩। সহকারী পরিচালক (ইঞ্জিঃ) বিআরটিএ, কিশোরগঞ্জ
২.১৬	ইঞ্জিন চালিত নসিমন/করিমন/টমটম/ভটবটি পৌরএলাকায় প্রবেশ করতে দেয়া যাবে না। নসিমন/করিমন/টমটম/ভটবটি কৃষি সামগ্রী ব্যতীত অন্য কোন মালামাল পরিবহন বন্ধ করতে হবে।	১। পুলিশ সুপার কিশোরগঞ্জ ২। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট কিশোরগঞ্জ ৩। সহকারী পরিচালক (ইঞ্জিঃ) বিআরটিএ, কিশোরগঞ্জ ৪। সভাপতি পরিবহন মালিক সমিতি, কিশোরগঞ্জ
২.১৭	অগ্রাধিকার ভিত্তিতে সেচ পাম্পে বিদ্যুৎ সংযোগ নিশ্চিত করতে হবে।	১। নির্বাহী প্রকৌশলী বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, কিশোরগঞ্জ ২। জেনারেল ম্যানেজার কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি
২.১৮	কিশোরগঞ্জ শহরের নরসুন্দা লেক সিটি এলাকায় বখাটেদের উপদ্রব বন্ধে নিয়মিতভাবে অভিযান পরিচালনা করতে হবে।	১। পুলিশ সুপার কিশোরগঞ্জ ২। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট কিশোরগঞ্জ ৩। উপজেলা নির্বাহী অফিসার কিশোরগঞ্জ সদর
২.১৯	ওয়াজ মাহ্‌ফিলে সরকার বা রাষ্ট্র বিরোধী বক্তব্য রাখা যাবে না। বিতর্কিত বক্তা আনা যাবে না। ওয়াজ মাহ্‌ফিলে মাইকের ব্যবহার নিয়ন্ত্রণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। পুলিশ সুপার, কিশোরগঞ্জ ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল) কিশোরগঞ্জ ৩। উপপরিচালক ইসলামিক ফাউন্ডেশন, কিশোরগঞ্জ

ক্রমিক নং	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নে
২.২০	মহাসড়কে যান চলাচল ব্যবস্থাপনা সম্পর্কিত মহামান্য হাইকোর্টের ২৫ দফা নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। ভূয়া ড্রাইভিং লাইসেন্সধারী মোটরযান চালক এবং ফিটনেসবিহীন যানবাহনের বিরুদ্ধে অভিযান পরিচালনা করতে হবে। অবৈধভাবে গাড়ি পার্কিং বন্ধ করতে হবে। সড়ক দুর্ঘটনা রোধে প্রয়োজনীয় স্পীডবেকার নির্মাণ করতে হবে। রাস্তার পার্শ্বের অবৈধ দখলদার উচ্ছেদ করতে হবে।	১। পুলিশ সুপার, কিশোরগঞ্জ ২। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট কিশোরগঞ্জ ৩। নির্বাহী প্রকৌশলী সড়ক ও জনপথ বিভাগ, কিশোরগঞ্জ ৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল) কিশোরগঞ্জ ৫। মেয়র, পৌরসভা (সকল), কিশোরগঞ্জ ৬। সহকারী পরিচালক (ইঞ্জি:) বিআরটিএ, কিশোরগঞ্জ
২.২১	পরীক্ষার প্রশ্নপত্রের নিরাপত্তা নিশ্চিত করতে হবে। প্রশ্নপত্র ফাঁস রোধে সংশ্লিষ্ট সকলকে অধিকতর সতর্ক থাকতে হবে।	১। পুলিশ সুপার, কিশোরগঞ্জ ২। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) কিশোরগঞ্জ ৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল) কিশোরগঞ্জ ৪। ট্রেজারী অফিসার, কিশোরগঞ্জ ৫। জেলা শিক্ষা অফিসার, কিশোরগঞ্জ
২.২২	রেলের টিকেট কালোবাজারী বন্ধে নিয়মিতভাবে অভিযান পরিচালনা করতে হবে। টিকেট কালোবাজারীর সাথে জড়িতদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। পুলিশ সুপার, কিশোরগঞ্জ ২। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট কিশোরগঞ্জ ৩। উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট) কিশোরগঞ্জ
২.২৩	কিশোরগঞ্জ জেলায় মাদক প্রবেশ প্রতিরোধে নিয়মিতভাবে অভিযান পরিচালনা করতে হবে। মাদক ব্যবসায়ীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। পুলিশ সুপার, কিশোরগঞ্জ ২। চেয়ারম্যান উপজেলা পরিষদ (সকল), কিশোরগঞ্জ ৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল) কিশোরগঞ্জ ৫। মেয়র, পৌরসভা (সকল), কিশোরগঞ্জ ৬। সহকারী পরিচালক জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস কিশোরগঞ্জ
২.২৪	বাল্যবিবাহ বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। নিকাহ্ রেজিস্ট্রারদের কার্যক্রম নিয়মিতভাবে মনিটর করতে হবে। নোটারী পাবলিকের এফিডেভিটের মাধ্যমে বয়স বৃদ্ধি করে কোন বিবাহ হলে জড়িত ব্যক্তিদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। পুলিশ সুপার, কিশোরগঞ্জ ২। উপপরিচালক স্থানীয় সরকার, কিশোরগঞ্জ ৩। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট কিশোরগঞ্জ ৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল) কিশোরগঞ্জ ৫। জেলা রেজিস্ট্রার, কিশোরগঞ্জ ৬। জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কিশোরগঞ্জ
২.২৫	জঙ্গিবাদ ও সন্ত্রাস প্রতিরোধ, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ, বাল্যবিবাহ বন্ধে শিক্ষা প্রতিষ্ঠান এবং এলাকায় সভা/সমাবেশ করতে হবে।	১। পুলিশ সুপার, কিশোরগঞ্জ ২। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট কিশোরগঞ্জ ৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল) কিশোরগঞ্জ ৪। জেলা রেজিস্ট্রার, কিশোরগঞ্জ ৫। জেলা শিক্ষা অফিসার, কিশোরগঞ্জ ৬। সহকারী পরিচালক জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস কিশোরগঞ্জ
২.২৬	জেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে আইন-শৃঙ্খলা বাহিনীর কার্যক্রম জোরদার করতে হবে। বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেটগণকে অপরাধ প্রতিরোধে নিয়মিতভাবে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।	১। পুলিশ সুপার, কিশোরগঞ্জ ২। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট কিশোরগঞ্জ ৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল) কিশোরগঞ্জ ৪। বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট (সকল) ৫। কোম্পানী কমান্ডার র‌্যাব-১৪, কিশোরগঞ্জ/ভৈরব ৬। জেলা কমান্ড্যান্ট,আনসার ও ভিডিপি কিশোরগঞ্জ ৭। সহকারী পরিচালক জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস কিশোরগঞ্জ

৩। অপরাধ চিত্র পর্যালোচনা:

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
সভায় উপস্থাপিত অপরাধচিত্র অনুযায়ী ফেব্রুয়ারি, ২০১৮ মাসে খুন-০৪টি, দস্যুতা-০১টি, অপমৃত্যু-১২টি, ধর্ষণ-০১টি, নারী ও শিশু নির্যাতন-১৯টি, চুরি-০৩টি, অন্যান্য-২৩২টিসহ মোট ২৭২টি মামলা দায়ের হয়েছে। গত বছর একই সময়ে ফেব্রুয়ারি, ২০১৭ মাসে ডাকাতি-০১টি, খুন-০৪টি, অবৈধ অস্ত্র উদ্ধার-০১টি, অপমৃত্যু-১৫টি, ধর্ষণ-০৫টি, নারী ও শিশু নির্যাতন-১৮টি, চুরি-০৪টি এবং অন্যান্য-২৭০টিসহ মোট ৩১৮টি মামলা রুজু হয়েছিল। ফেব্রুয়ারি, ২০১৭ মাসের তুলনায় ফেব্রুয়ারি, ২০১৮ মাসে ৪৬টি মামলা হ্রাস পেয়েছে। অপরাধ প্রতিরোধে আইন-শৃঙ্খলা বাহিনীর কার্যক্রম অব্যাহত রাখা এবং মোবাইল কোর্ট পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়।	জুয়া, চুরি, ডাকাতি, ছিনতাই, চাঁদাবাজি, ইভটিজিং, বাল্যবিবাহ, নারী ও শিশুর প্রতি সহিংসতাসহ সকল ধরণের অপরাধ প্রতিরোধে আইন-শৃঙ্খলা বাহিনীর কার্যক্রম বৃদ্ধি করতে হবে। নিয়মিতভাবে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।	১। পুলিশ সুপার, কিশোরগঞ্জ ২। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট কিশোরগঞ্জ ৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল) কিশোরগঞ্জ ৪। কোম্পানী কমান্ডার র‌্যাব-১৪, কিশোরগঞ্জ/ভৈরব ৫। জেলা কমান্ড্যান্ট,আনসার ও ভিডিপি কিশোরগঞ্জ ৬। সহকারী পরিচালক জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস

৪। অবৈধ অস্ত্র উদ্ধার:

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
ফেব্রুয়ারি, ২০১৮ মাসের অবৈধ অস্ত্র উদ্ধার হয়নি। অবৈধ অস্ত্র উদ্ধারে আইন-শৃঙ্খলা বাহিনীর কার্যক্রম অব্যাহত রাখার জন্য আইন-শৃঙ্খলা বাহিনীকে সভায় অনুরোধ জানানো হয়।	আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে অবৈধ অস্ত্র উদ্ধার অভিযান পরিচালনা করতে হবে।	১। পুলিশ সুপার কিশোরগঞ্জ ২। কোম্পানী কমান্ডার র‌্যাব-১৪, কিশোরগঞ্জ/ভৈরব

৫। ভূমি দস্যুতা:

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
ভূমি দস্যুতা বিষয়ে আলোচনা হয়। বেআইনীভাবে ভূমি জবরদখলই ভূমি সন্ত্রাস। ভূমি সন্ত্রাস সামাজিক অস্থিরতা সৃষ্টি করে। ভূমি সন্ত্রাসীরা যত প্রভাবশালী হউক না কেন কেউ আইনের উর্দ্ধে নয়। ভূমি সন্ত্রাসীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ এবং সামাজিকভাবে প্রতিরোধ গড়ে তোলার উপর সভায় গুরুত্ব আরোপ করা হয়।	ভূমি দস্যুতা প্রতিরোধে সামাজিকভাবে আন্দোলন গড়ে তুলতে হবে। ভূমি দস্যুদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) কিশোরগঞ্জ ২। উপজেলা নির্বাহী অফিসার(সকল) কিশোরগঞ্জ ৩। সহকারী কমিশনার(ভূমি) (সকল) কিশোরগঞ্জ ৪। অফিসার-ইনচার্জ(সকল থানা) কিশোরগঞ্জ

৬। জঙ্গীবাদ/সন্ত্রাসবাদ:

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
এ বিষয়ে সভায় আলোচনা হয়। ধর্মের অপব্যাখ্যা মানুষকে বিভ্রান্ত করে। ফলে অনেক যুবক বিপথগামী হয়েছে। জঙ্গীবাদ কোন ধর্মে স্বীকৃত নয়। সন্ত্রাস ও জঙ্গিবাদ প্রতিরোধে উপজেলা, পৌরসভা, পৌরওয়ার্ড এবং ইউনিয়ন পর্যায়ে নিয়মিতভাবে সভা করা এবং মোটিভেশনাল কার্যক্রম গ্রহণের জন্য সভায় সকলকে অনুরোধ জানানো হয়।	সন্ত্রাস ও জঙ্গিবাদ প্রতিরোধে উপজেলা, পৌরসভা, পৌরওয়ার্ড এবং ইউনিয়ন পর্যায়ে নিয়মিতভাবে সভা করতে হবে এবং মোটিভেশনাল কার্যক্রম গ্রহণ করতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার(সকল) কিশোরগঞ্জ ২। মেয়র, পৌরসভা (সকল) কিশোরগঞ্জ ৩। জেলা শিক্ষা অফিসার, কিশোরগঞ্জ ৪। উপপরিচালক ইসলামিক ফাউন্ডেশন, কিশোরগঞ্জ ৪। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), কিশোরগঞ্জ

৭। নারী ও শিশু পাচার:

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
এ বিষয়ে আলোচনা হয়। নারী ও শিশু পাচারকারীরা মানবতার শত্রু। নারী ও শিশু চক্রের ব্যাপারে সর্তক থাকতে হবে। তাদের কোন প্রলোভনে যেন কেউ উদ্বুদ্ধ না হয় সে বিষয়ে সচেতনতা বৃদ্ধি করতে হবে। শিশুদের প্রতি অভিভাবকদের খেয়াল রাখতে হবে। নারী ও শিশু পাচার চক্রের সন্ধান পাওয়া গেলে সাথে সাথে আইন প্রয়োগকারী সংস্থাকে খবর দিতে হবে। নারী ও শিশু পাচার প্রতিরোধে সামাজিক সচেতনতা বৃদ্ধির জন্য সকলকে অনুরোধ জানানো হয়।	নারী ও শিশু পাচারকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্হা গ্রহণ করতে হবে। নারী ও শিশু পাচার চক্রের সন্ধান পাওয়া গেলে সাথে সাথে আইন প্রয়োগকারী সংস্থাকে খবর দিতে হবে। নারী ও শিশু পাচার প্রতিরোধে সামাজিক সচেতনতা বৃদ্ধি করতে হবে।	১। পুলিশ সুপার কিশোরগঞ্জ ২। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট কিশোরগঞ্জ ৩। উপজেলা নির্বাহী অফিসার(সকল) কিশোরগঞ্জ ৪। কোম্পানী কমান্ডার র‌্যাব-১৪, কিশোরগঞ্জ/ভৈরব ৫। জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কিশোরগঞ্জ

৮। গ্রাম আদালতের মামলা পর্যালোচনা:

<table>
<tr><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>গ্রাম আদালতে দায়েরকৃত মামলার কার্যক্রম পর্যালোচনা করা হয়। কিশোরগঞ্জ জেলায় ১০৮টি গ্রাম আদালত রয়েছে। গ্রাম আদালতের মামলার তথ্য নিম্নরূপ
<table>
<tr><th>পূর্ববর্তী মাসের অনিষ্পন্ন মামলা</th><th>ফেব্রুয়ারি, ২০১৮ মাসে দায়েরকৃত মামলা</th><th>মোট মামলার সংখ্যা</th><th>ফেব্রুয়ারি, ২০১৮ মাসে নিষ্পত্তিকৃত মামলা সংখ্যা</th><th>অনিষ্পন্ন মামলার সংখ্যা</th></tr>
<tr><td>৬৪২</td><td>১৪৯</td><td>৭৯২</td><td>১৫৯</td><td>৬৩৩</td></tr>
</table>
সামাজিক ন্যায় বিচার প্রতিষ্ঠার লক্ষ্যে গ্রাম আদালত গঠিত হয়। গ্রাম আদালতকে কার্যকর করার জন্য সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকতে হবে। বিচারপ্রার্থী কোন কারণে যাতে ন্যায় বিচার থেকে বঞ্চিত না হয় সেদিকে খেয়াল রাখতে হবে। গ্রাম আদালতে দায়েরকৃত মামলা যথাসম্ভব দ্রুত নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করতে হবে</td>
<td>গ্রাম আদালতের দায়েরকৃত মামলা যথাযথভাবে নিষ্পত্তি করতে হবে। কোন মামলা যাতে দীর্ঘদিন পেন্ডিং না থাকে সে দিকে খেয়াল রাখতে হবে।</td>
<td>১। উপজেলা নির্বাহী অফিসার (সকল)
কিশোরগঞ্জ
২। চেয়ারম্যান,
ইউনিয়ন পরিষদ (সকল),
কিশোরগঞ্জ</td></tr>
</table>

৯। অশ্লীল চলচ্চিত্র ও পোস্টার প্রদর্শন:

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
এ বিষয়ে সভায় আলোচনা হয়। বিদেশী পে টিভি চ্যানেল ডাউনলিংক, বিতরণ ও প্রদর্শনের জন্য সরকার অনুমোদিত লাইসেন্সপাপ্ত ডিস্ট্রিবিউটর রয়েছে। তাদের নিকট থেকে ক্ষমতাপ্রাপ্ত না হয়ে অবৈধ পন্থায় পাইরেসী করে বিদেশী পে টিভি চ্যানেল ডাউনলিংক, বিতরণ ও প্রদর্শনকারীদের বিরুদ্ধে অভিযান পরিচালনার জন্য তথ্য মন্ত্রণালয়ের নির্দেশনা রয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। বেআইনীভাবে অশ্লীল চলচ্চিত্র/ভিডিও/পোস্টার প্রদর্শনের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্হা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানানো হয়।	অবৈধ পন্থায় পাইরেসী করে বিদেশী পে টিভি চ্যানেল ডাউনলিংক, বিতরণ ও প্রদর্শনকারীদের বিরুদ্ধে অভিযান পরিচালনা করতে হবে। অশ্লীল চলচ্চিত্র/ভিডিও/পোস্টার প্রদর্শন বন্ধে ব্যবস্হা গ্রহণ করতে হবে।	১। পুলিশ সুপার, কিশোরগঞ্জ ২। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট কিশোরগঞ্জ ৩। উপজেলা নির্বাহী অফিসার(সকল) কিশোরগঞ্জ ৪। জেলা তথ্য অফিসার কিশোরগঞ্জ

১০। অনলাইনে পাসপোর্টের আবেদনের পরিপ্রেক্ষিতে পুলিশী তদন্তের অগ্রগতি প্রতিবেদন:

<table>
<tr><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr>
<td>অনলাইনে পাসপোর্টের আবেদন নিষ্পত্তির কার্যক্রম সভায় পর্যালোচনা করা হয়। পুলিশ সুপার, জেলা বিশেষ শাখা, কিশোরগঞ্জ প্রদত্ত ফেব্রুয়ারি, ২০১৮ মাসের তথ্য:
<table>
<tr><th>প্রারম্ভিক জের</th><th>বিবেচ্য মাসে প্রাপ্ত</th><th>মোট</th><th>বর্তমান মাসে নিষ্পত্তির সংখ্যা</th><th>পেন্ডিং আবেদনের সংখ্যা</th></tr>
<tr><td>৪৫০</td><td>১৭৩৬</td><td>২১৮৬</td><td>১৭৪৩</td><td>৪৪৩</td></tr>
</table>
আঞ্চলিক পাসপোর্ট অফিস, কিশোরগঞ্জ প্রদত্ত ফেব্রুয়ারি, ২০১৮ মাসের তথ্য:
<table>
<tr><th>প্রারম্ভিক জের</th><th>বিবেচ্য মাসে পিভিআর প্রেরণ</th><th>মোট পিভিআর</th><th>বর্তমান মাসে প্রাপ্ত পিভিআর সংখ্যা</th><th>পেন্ডিং পিভিআর সংখ্যা</th></tr>
<tr><td>৩৩১৮</td><td>১৭৬০</td><td>৫০৭৮</td><td>১৬৩২</td><td>৩৪৪৬</td></tr>
</table>
পাসপোর্ট প্রাপ্তির আবেদন দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অনুরোধ জানানো হয়।</td>
<td>পাসপোর্টের সেবার মান বৃদ্ধি করতে হবে। পাসপোর্ট প্রত্যাশীরা যাতে কোন ধরণের হয়রানির শিকার না হয় সে দিকে খেয়াল রাখতে হবে।</td>
<td>১। পুলিশ সুপার
জেলা বিশেষ শাখা, কিশোরগঞ্জ
২। সহকারী পরিচালক
আঞ্চলিক পাসপোর্ট অফিস
কিশোরগঞ্জ</td>
</tr>
</table>

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
(মোঃ সারওয়ার মুর্শেদ চৌধুরী)
জেলা ম্যাজিস্ট্রেট
ও
সভাপতি
জেলা আইন-শৃঙ্খলা কমিটি
কিশোরগঞ্জ
ফোন: ০৯৪১৬১৭৫৫
ফ্যাক্স: ০৯৪১৬১৭২২
ই-মেইল: dckishoreganj@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪১.৪৮০০.০১৩.০২.০০৬.১২-৩১০(৬) তারিখ: ২৫ মার্চ ২০১৮

অনুলিপি সদয় অবগতির জন্য: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। জনাব মোঃ সোহ্‌রাব উদ্দিন, মাননীয় সংসদ সদস্য, ১৬৩, কিশোরগঞ্জ-২, বাংলাদেশ জাতীয় সংসদ
২। জনাব রেজওয়ান আহাম্মদ তৌফিক, মাননীয় সংসদ সদস্য, ১৬৫, কিশোরগঞ্জ-৪, বাংলাদেশ জাতীয় সংসদ
৩। জনাব মোঃ আফজাল হোসেন, মাননীয় সংসদ সদস্য, ১৬৬, কিশোরগঞ্জ-৫, বাংলাদেশ জাতীয় সংসদ
৪। জনাব নাজমুল হাসান, মাননীয় সংসদ সদস্য, ১৬৭, কিশোরগঞ্জ-৬, বাংলাদেশ জাতীয় সংসদ
৫। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
৬। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)

স্বাক্ষরিত/-
(আলমগীর হুছাইন)
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
ও
সদস্য সচিব
জেলা আইন-শৃঙ্খলা কমিটি
কিশোরগঞ্জ

স্মারক নং-০৫.৪১.৪৮০০.০১৩.০২.০০৬.১২-৩১০(৬)/১(৯০) তারিখ: ২৫ মার্চ ২০১৮

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা
২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
৫। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা
৬। পুলিশ সুপার, কিশোরগঞ্জ
৭। সিভিল সার্জন, কিশোরগঞ্জ
৮। অধ্যক্ষ, গুরুদয়াল সরকারি কলেজ/কিশোরগঞ্জ সরকারি মহিলা কলেজ/সরকারি জিল্লুর রহমান মহিলা কলেজ, ভৈরব, কিশোরগঞ্জ
৯। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব)/(শিক্ষা ও আইসিটি), কিশোরগঞ্জ
১০। অতিরিক্ত পুলিশ সুপার/সহকারী পুলিশ সুপার, কিশোরগঞ্জ সদর/হোসেনপুর/বাজিতপুর/ভৈরব/অষ্টগ্রাম/করিমগঞ্জ সার্কেল, কিশোরগঞ্জ
১১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ...(সকল), কিশোরগঞ্জ
১২। উপজেলা নির্বাহী অফিসার,...............................(সকল), কিশোরগঞ্জ
১৩। মেয়র,........................পৌরসভা (সকল), কিশোরগঞ্জ
১৪। জেলা কমান্ড্যান্ট, জেলা আনসার ও ভিডিপি, কিশোরগঞ্জ
১৫। উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, কিশোরগঞ্জ
১৬। জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কিশোরগঞ্জ
১৭। জেলা শিক্ষা অফিসার, কিশোরগঞ্জ
১৮। জেলা মৎস্য অফিসার, কিশোরগঞ্জ
১৯। জেল সুপার, কিশোরগঞ্জ
২০। উপপরিচালক, এনএসআই, কিশোরগঞ্জ
২১। ....
২২। সভাপতি, জেলা বার এসোসিয়েশন, কিশোরগঞ্জ
২৩। সভাপতি, কিশোরগঞ্জ প্রেসক্লাব/জেলা প্রেসক্লাব, কিশোরগঞ্জ
২৪। সভাপতি, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, কিশোরগঞ্জ/ভৈরব
২৫। অফিস কপি।

স্বাক্ষরিত/-

অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
কিশোরগঞ্জ

পরিশিষ্ট-খ

গ্রাম আদালতে দায়েরকৃত মামলার তথ্য

বিবেচ্য মাসের নামঃ ফেব্রুয়ারি, ২০১৮

ক্রমিক নং	উপজেলার নাম	পূর্ববর্তী মাসের মামলার জের	বিবেচ্য মাসে দায়েরকৃত মামলার সংখ্যা	মোট মামলার সংখ্যা	বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা	অনিষ্পন্ন মামলার সংখ্যা	মন্তব্য
১	কিশোরগঞ্জ সদর	২৫	৬	৩১	৫	২৬	
২	হোসেনপুর	৩৫	৫	৪০	১০	৩০	
৩	পাকুন্দিয়া	৬৬	১০	৭৭	১৭	৬০	
৪	কটিয়াদী	১৬৮	১৭	১৮৫	১৭	১৬৮	
৫	বাজিতপুর	৪০	৩০	৭০	২৫	৪৫	
৬	নিকলী	১০৬	২১	১২৭	১১	১১৬	
৭	ভৈরব	৩৬	৫	৪১	১১	৩০	
৮	কুলিয়ারচর	১৮	৩০	৪৮	৩০	১৮	
৯	করিমগঞ্জ	৬৪	১০	৭৪	১৫	৫৯	
১০	তাড়াইল	৮	২	১০	১	৯	
১১	ইটনা	২	০	২	০	২	
১২	অষ্টগ্রাম	৫২	১০	৬২	১২	৫০	
১৩	মিঠামইন	২২	৩	২৫	৫	২০	
মোটঃ		৬৪২	১৪৯	৭৯২	১৫৯	৬৩৩	

পরিশিষ্ট-ক

কমিটি	উপস্হিত প্রতিনিধিবৃন্দ	অনুপস্হিত সদস্যবৃন্দ (অনুমতিক্রমে)	অনুপস্হিত সদস্যবৃন্দ (অনুমতি ব্যতিত)
সম্মানীত উপদেষ্টা, জেলা আইন-শৃঙ্খলা কমিটি			
জেলা ম্যাজিস্ট্রেট, কিশোরগঞ্জ	উপস্থিত	--	--
পুলিশ সুপার, কিশোরগঞ্জ	মোঃ নাজমুল ইসলাম, অতিঃ পুলিশ সুপার	--	--
অধ্যক্ষ, গুরুদয়াল সরকারি কলেজ, কিশোরগঞ্জ	মুহাম্মদ কামরুজ্জামান, সহকারী অধ্যাপক	--	--
অধ্যক্ষ, কিশোরগঞ্জ সরকারি মহিলা কলেজ, কিশোরগঞ্জ	মোঃ সেলিম হোসেন, প্রভাষক	--	--
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কিশোরগঞ্জ সদর	--	--	অনুমতি ব্যতিত
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হোসেনপুর	উপস্থিত	--	--
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাকুন্দিয়া	উপস্থিত	--	--
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কটিয়াদী	উপস্থিত	--	--
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাজিতপুর	--	--	অনুমতি ব্যতিত
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নিকলী	--	--	অনুমতি ব্যতিত
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভৈরব	--	--	অনুমতি ব্যতিত
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুলিয়ারচর	উপস্থিত	--	--
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, করিমগঞ্জ	উপস্থিত	--	--
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তাড়াইল	অনুপস্থিত	অনুমতিক্রমে	--
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ইটনা	উপস্থিত	--	--
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মিঠামইন	উপস্থিত	--	--
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, অষ্টগ্রাম	--	--	অনুমতি ব্যতিত
সিভিল সার্জন, কিশোরগঞ্জ	উপস্থিত	--	--
মেয়র, কিশোরগঞ্জ পৌরসভা	উপস্থিত	--	--
মেয়র, হোসেনপুর পৌরসভা	--	--	অনুমতি ব্যতিত
মেয়র, পাকুন্দিয়া পৌরসভা	--	--	অনুমতি ব্যতিত
মেয়র, বাজিতপুর পৌরসভা	--	--	অনুমতি ব্যতিত
মেয়র, ভৈরব পৌরসভা	--	--	অনুমতি ব্যতিত
মেয়র, করিমগঞ্জ পৌরসভা	--	--	অনুমতি ব্যতিত
মেয়র, কুলিয়ারচর পৌরসভা	--	--	অনুমতি ব্যতিত
মেয়র, কটিয়াদী পৌরসভা	--	--	অনুমতি ব্যতিত
উপজেলা নির্বাহী অফিসার, কিশোরগঞ্জ সদর	উপস্থিত	--	--
উপজেলা নির্বাহী অফিসার, হোসেনপুর	উপস্থিত	--	--
উপজেলা নির্বাহী অফিসার, পাকুন্দিয়া	উপস্থিত	--	--
উপজেলা নির্বাহী অফিসার, কটিয়াদী	উপস্থিত	--	--
উপজেলা নির্বাহী অফিসার, বাজিতপুর	উপস্থিত	--	--
উপজেলা নির্বাহী অফিসার, নিকলী	উপস্থিত	--	--
উপজেলা নির্বাহী অফিসার, ভৈরব	মোঃ জাকির হোসেন, সহকারী কমিশনার (ভূমি) ও উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)	--	--
উপজেলা নির্বাহী অফিসার, কুলিয়ারচর	--	অনুমতিক্রমে	--
উপজেলা নির্বাহী অফিসার, করিমগঞ্জ	উপস্থিত	--	--
উপজেলা নির্বাহী অফিসার, তাড়াইল	--	অনুমতিক্রমে	--
উপজেলা নির্বাহী অফিসার, ইঁটনা	উপস্থিত	--	--
উপজেলা নির্বাহী অফিসার, মিঠামইন	উপস্থিত	--	--
উপজেলা নির্বাহী অফিসার, অষ্টগ্রাম	উপস্থিত	--	--
অতিরিক্ত পুলিশ সুপার, সদর সার্কেল, কিশোরগঞ্জ (কিশোরগঞ্জ সদর-পাকুন্দিয়া)	--	--	অনুমতি ব্যতিত
অতিরিক্ত পুলিশ সুপার, হোসেনপুর সার্কেল, কিশোরগঞ্জ (হোসেনপুর-কটিয়াদী)	--	--	অনুমতি ব্যতিত
অতিরিক্ত পুলিশ সুপার, বাজিতপুর সার্কেল, কিশোরগঞ্জ (বাজিতপুর-নিকলী)	--	--	অনুমতি ব্যতিত
সহকারী পুলিশ সুপার, ভৈরব সার্কেল, কিশোরগঞ্জ (ভৈরব-কুলিয়ারচর)	--	--	অনুমতি ব্যতিত
সহকারী পুলিশ সুপার, অষ্টগ্রাম সার্কেল, কিশোরগঞ্জ (ইটনা, মিঠামইন, অষ্টগ্রাম)	--	--	অনুমতি ব্যতিত
সহকারী পুলিশ সুপার, করিমগঞ্জ সার্কেল, কিশোরগঞ্জ (করিমগঞ্জ-তাড়াইল)	--	--	অনুমতি ব্যতিত
জেলা শিক্ষা অফিসার, কিশোরগঞ্জ	উপস্থিত	--	--
জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, কিশোরগঞ্জ	মুহাম্মদ জাকির হোসেন	--	--
উপপরিচালক, এনএসআই, কিশোরগঞ্জ	উপস্থিত	--	--
জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কিশোরগঞ্জ	উপস্থিত	--	--
উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, কিশোরগঞ্জ	উপস্থিত	--	--
কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কিশোরগঞ্জ জেলা ইউনিট কমান্ড	--	--	কমিটি বিলুপ্ত
জেল সুপার, কিশোরগঞ্জ	উপস্থিত	--	--
জনাব শাহ্ আজিজুল হক, বিজ্ঞ পিপি, কিশোরগঞ্জ	--	--	অনুমতি ব্যতিত
সভাপতি, জেলা বার এসোসিয়েশন, কিশোরগঞ্জ	--	--	অনুমতি ব্যতিত
সভাপতি, কিশোরগঞ্জ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ	শেখ ফরিদ আহাম্মদ, সিনিঃ সহ-সভাপতি	--	--
সভাপতি, ভৈরব চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ	--	--	অনুমতি ব্যতিত
সভাপতি, কিশোরগঞ্জ মহিলা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ	--	--	অনুমতি ব্যতিত
সভাপতি, কিশোরগঞ্জ প্রেস ক্লাব, কিশোরগঞ্জ	--	--	অনুমতি ব্যতিত
সভাপতি, জেলা প্রেস ক্লাব, কিশোরগঞ্জ	উপস্থিত	--	--
অধ্যক্ষ, সরকারি জিল্লুর রহমান মহিলা কলেজ, ভৈরব, কিশোরগঞ্জ	খোকন রায়, বিভাগীয় প্রধান, ব্যবস্থাপনা বিভাগ	--	--
জনাব এম এ আফজল, (গণ্যমান্য ব্যক্তি) বিজ্ঞ স্পেশাল পিপি, কিশোরগঞ্জ	উপস্থিত	--	--
এডভোকেট সাইফুল হক মোলা দুলু, (গণ্যমান্য ব্যক্তি)	উপস্থিত	--	--
এডভোকেট বিজয় শংকর রায়, (গণ্যমান্য ব্যক্তি)	--	--	অনুমতি ব্যতিত
জনাব হেলালউদ্দিন মানিক, (গণ্যমান্য ব্যক্তি)	--	--	অনুমতি ব্যতিত
আলহাজ্ব মোঃ শাহজাহান লস্কর, (গণ্যমান্য ব্যক্তি)	--	--	অনুমতি ব্যতিত
জনাব মোঃ সায়দুল্লাহ মিয়া, (গণ্যমান্য ব্যক্তি)	--	--	অনুমতি ব্যতিত
জনাব খালেদা ফেন্সী, চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্হা, কিশোরগঞ্জ	উপস্থিত	--	--
সৈয়দ আশফাকুল ইসলাম টিটু, (গণ্যমান্য ব্যক্তি)	--	--	অনুমতি ব্যতিত
জনাব মোঃ আমিনুল ইসলাম বকুল (গণ্যমান্য ব্যক্তি)	--	--	অনুমতি ব্যতিত
জনাব সঞ্জয় কুমার পাল, সহকারী পরিচালক, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট	উপস্থিত	--	--
সভাপতি, হিন্দু-বৌদ্ধ-খ্রীস্টান ঐক্য পরিষদ, কিশোরগঞ্জ	উপস্থিত	--	--

জেলা মৎস্য অফিসার, কিশোরগঞ্জ	--	--	অনুমতি ব্যতিত
সভাপতি, জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি, কিশোরগঞ্জ	--	--	অনুমতি ব্যতিত
বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, কিশোরগঞ্জ	উপস্থিত	--	--

অধিনায়ক, ১১ বিজিবি, নেত্রকোণা	নায়েক সুবেদার রফিকু এবং নায়েক সুবেদার আহসান	--	--
কোম্পানী অধিনায়ক, র‍্যাব-১৪, সিপিসি-২, কিশোরগঞ্জ	ডিএডি তৌহিদ	--	--
কোম্পানী অধিনায়ক, র‍্যাব-১৪, সিপিসি-, ভৈরব	--	--	অনুমতি ব্যতিত
নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ, কিশোরগঞ্জ	মোঃ আরিফুর রহমান, সহকারী প্রকৌশলী	--	--
উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, কিশোরগঞ্জ	উপস্থিত	--	--
উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, কিশোরগঞ্জ	মোঃ তাজুল ইসলাম, প্রতিনিধি	--	--
জেলা রেজিস্ট্রার, কিশোরগঞ্জ	--	--	অনুমতি ব্যতিত
সহকারী কমিশনার, কাস্টমস্ এক্সাইজ এন্ড ভ্যাট, কিশোরগঞ্জ	--	--	অনুমতি ব্যতিত
সহকারী কমিশনার, কাস্টমস্ এক্সাইজ এন্ড ভ্যাট, ভৈরব	--	--	অনুমতি ব্যতিত
সহকারী বন সংরক্ষক, কিশোরগঞ্জ	মোঃ আঃ মোমেন ভূঞা	--	--
সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কিশোরগঞ্জ	উপস্থিত	--	--
সহকারী পরিচালক, বিআরটিএ, কিশোরগঞ্জ	উপস্থিত	--	--
সহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, কিশোরগঞ্জ	উপস্থিত	--	--
সহকারী নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ রেলওয়ে, ভৈরব বাজার শাখা, ভৈরব	--	--	অনুমতি ব্যতিত
জেলা বাজার কর্মকর্তা, কিশোরগঞ্জ	--	--	অনুমতি ব্যতিত
জেলা তথ্য অফিসার, কিশোরগঞ্জ	--	--	অনুমতি ব্যতিত
কোর্ট পুলিশ পরিদর্শক, কিশোরগঞ্জ	উপস্থিত	--	--
ডিআইও-১, ডিএসবি, কিশোরগঞ্জ	উপস্থিত	--	--
অফিসার ইনচার্জ, কিশোরগঞ্জ মডেল থানা	উপস্থিত	--	--
ট্রাফিক পুলিশ পরিদর্শক, কিশোরগঞ্জ	--	--	অনুমতি ব্যতিত
অফিসার-ইনচার্জ, ভৈরব থানা, ভৈরব	--	--	অনুমতি ব্যতিত
অফিসার-ইনচার্জ, ভৈরব নৌ থানা, ভৈরব	--	--	অনুমতি ব্যতিত
অফিসার ইনচার্জ, ভৈরব রেলওয়ে থানা	--	--	অনুমতি ব্যতিত
অফিসার ইনচার্জ, কিশোরগঞ্জ রেলওয়ে থানা	মোঃ আল আচানুল কবির, এসআই	--	--
অফিসার ইনচার্জ, ভৈরব হাইওয়ে পুলিশ ফাড়িঁ থানা, ভৈরব	--	--	অনুমতি ব্যতিত
অধ্যক্ষ, পৌর মহিলা মহাবিদ্যালয়, কিশোরগঞ্জ	--	--	অনুমতি ব্যতিত
অধ্যক্ষ, হয়বতনগর এ. ইউ. কামিল মাদ্রাসা, কিশোরগঞ্জ	--	--	অনুমতি ব্যতিত
অধ্যক্ষ, হাজী আসমত কলেজ, ভৈরব	--	--	অনুমতি ব্যতিত
জনাব মুনিরা পারভীন, প্রভাষক, কিশোরগঞ্জ সরকারি মহিলা কলেজ, কিশোরগঞ্জ	--	--	অনুমতি ব্যতিত
সভাপতি, ইমাম ওলামা পরিষদ, কিশোরগঞ্জ	--	--	অনুমতি ব্যতিত
সভাপতি, জেলা পূজা উদযাপন পরিষদ, কিশোরগঞ্জ	উপস্থিত	--	--
স্টেশন মাস্টার, কিশোরঞ্জ রেলস্টেশন	--	--	অনুমতি ব্যতিত
জনাব মিনা খাতুন, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মিঠামইন	উপস্থিত	--	--
প্রোগ্রাম অফিসার, ওসিসি, সদর হাসপাতাল, কিশোরগঞ্জ	উপস্থিত	--	--
প্রতিনিধি পপি, কিশোরগঞ্জ	মোঃ শাহীন হায়দার, প্রকল্প সমন্বয়কারী	--	--
বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, কিশোরগঞ্জ	উপস্থিত	--	--